



দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



পূর্বদার

২৮ অক্টোবর ২০২২

www.edainikazadi.net বেজি. নং-১-৫৪ | ৬৩তম বর্ষ ৫৩ সংখ্যা | ১২ কার্তিক ১৪২৯ সাল | ১ খবিস সাদি ১৪৪৪ হিজরি

৮ পৃষ্ঠা

৭ টালা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রামে বিতর্ক কর্মশালা

আইআইউসির ইংরেজি বিভাগের বিতর্ক কর্মশালা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেরি সোসাইটির তত্ত্বাবধানে বিতর্ক ও পাবলিক স্পিকিং এর উপর দুদিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়েছে। এতে প্রশিক্ষক ছিলেন দৃষ্টি চট্টগ্রামের যুগ্ম সম্পাদক কাজী আরফাত, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাখাওয়াত হোসাইন মজুমদার এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্কুল অব ডিবেটের সাধারণ সম্পাদক ফারহানা যুখী। কর্মশালা শেষে প্রশিক্ষকদের হাতে ক্রেস্ট তুলে দেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আজিজুল হক এবং বিভাগের সহকারী অধ্যাপক মো. আবু সালেহ নিজাম উদ্দিন। পরবর্তীতে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করা হয়।

এলসের ছাত্রী শাখার ডিবেট সম্পাদক সাদিয়া বিনতে শাহিন ও সহকারী সম্পাদক নুরাত তাবাসসুমের পাশাপাশি ছাত্র শাখার জি এস জওহর দুদায়েভ সায়েম, ছাত্রী শাখার জি এস সুমাইয়া ইসলাম নাবিলা, উভয় শাখার এজিএস ও বিভিন্ন স্তরের দায়িত্বপ্রাপ্তরা কর্মশালাটির আয়োজনে সার্বিক সহযোগিতা করেন। কর্মশালায় অংশগ্রহণ করেন বিভাগের ৭২জন ছাত্র-ছাত্রী প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 28 October 2022, Page: 2, Col: 5

<https://edainikazadi.net/index.php?page=1&date=2022-10-28>